# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ২২. যীশুর পূর্বে কারো স্বর্গে না উঠা

যোহন (৩/১৩) লেখেছেন যে যীশু বলেন: ‘‘আর স্বর্গে কেহ উঠে নাই; কেবল যিনি স্বর্গ হইতে নামিয়াছেন, সেই মনুষ্যপুত্র, যিনি স্বর্গে থাকেন।’’ কিতাবুল মোকাদ্দস-২০০৬-এর অনুবাদ: ‘‘যিনি বেহেশতে থাকেন এবং বেহেশত থেকে নেমে এসেছেন সেই ইবনে আদম (আদম-পুত্র) ছাড়া আর কেউ বেহেশতে ওঠেনি।’’

এ কথাটাও ভুল। কারণ বাইবেল নিশ্চিত করেছে যে, হনোক, ইনোক (Enoch) বা ইদরীস (আ.) এবং এলিয় (Eli'jah) উভয়ে স্বর্গে উঠেছেন (আদিপুস্তক ৫/২৩-২৪; ২ রাজাবলি ২/১-১১)। ইনোকের বিষয়ে বাইবেল বলছে: ‘‘ইনোক মোট তিনশো পঁয়ষট্টি বছর এই দুনিয়াতে ছিলেন। তারপর তাঁকে আর দেখা গেল না। আল্লাহর সংগে তাঁর যোগাযোগ ছিল বলে আল্লাহ তাঁকে নিজের কাছেই নিয়ে গিয়েছিলেন।’’ (আদিপুস্তক/ পয়দায়েশ ৫/২৩-২৪)। এলিয় বা ইলিয়াসের বিষয়ে বাইবেল বলছে: ‘‘তাঁরা কথা বলতে বলতে চলেছেন এমন সময় একটা আগুনের রথ ও আগুনের কতগুলো ঘোড়া এসে তাঁদের দু’জনকে আলাদা করে দিল এবং ইলিয়াস একটা ঘুর্ণিবাতাসে করে বেহেশতে চলে গেলেন।’’ (২ বাদশাহনামা ২/১১)

এ থেকে আমরা নিশ্চিত হই যে, যোহনের কথাটা ভুল। খ্রিষ্টান প্রচারকদের নানাবিধ ব্যাখ্যার চেষ্টা নিশ্চিত করে যে, কথাটা ভুল।[1] বাইবেলের প্রসিদ্ধ তথ্যের বিপরীতে যীশু এরূপ ভুল কথা বলেছেন বলে বিশ্বাস করা কঠিন। বাহ্যত ইঞ্জিল লেখক তার অজ্ঞতার কারণে এরূপ ভুল কথা যীশুর নামে লেখেছেন।

এ প্রসঙ্গে গ্যারি ডেভানি লেখেছেন: “But, when Jesus said this, Jesus, Himself, was still alive and had not yet gone up to Heaven. If Jesus, Himself, is the only one to have gone up to Heaven, doesn’t that contradict and eliminate Enoch’s going up to Heaven ... and Elijah’s going up to Heaven... and Angels going up and down, to and from Heaven on "Jacob’s Ladder" in Genesis 28:12? So, did Jesus Christ utter another falsehood here? Did Jesus get caught in documenting another lie?”

‘‘কিন্তু, যীশু যখন এ কথা বলেন, তখন যীশু নিজে জীবিত ছিলেন এবং তখনো তিনি স্বর্গে গমন করেননি। যীশুই যদি স্বর্গে গমনকারী একমাত্র ব্যক্তি হন তবে এ কথা কি হনোক ও এলিয়ের স্বর্গারোহণের কথা বাতিল করে বৈপরীত্যে ফেলছে না? এছাড়া যাকোবের সিঁড়ি বেয়ে ফেরেশতাদের স্বর্গে উঠার (আদিপুস্তক ২৮/১২) সাথেও এ কথা সাংঘর্ষিক। তাহলে, যীশু কি এখানে আরেকটা মিথ্যা বললেন? তিনি কি আরেকটা প্রমাণিত মিথ্যায় আটকা পড়লেন?’’[2]

আমেরিকান রাজনীতিবিদ ও গবেষক স্কট বিডস্ট্রাপ (Scott Bidstrup) বাইবেলীয় ভুলভ্রান্তির একটা সংক্ষিপ্ত সমীক্ষা’’ (A Brief Survey of Biblical Errancy) প্রবন্ধে বলেন: “The Apologist's Explanation It is important to look at the context of Jesus’ discussion with Nicodemus. Jesus is contrasting

himself with Nicodemus and the other Jews. He is pointing out that he has firsthand knowledge of heavenly things and that he is the only one on earth who has come down from heaven with this message. ... If the fundamentalists' argument were true, then Jesus couldn't have ascended into heaven because 3:13 states "one" not "two." So it would have had to be either Jesus or Elijah. Take your pick. Either way, there's an unresolved problem. The scripture does not make an exception for what the fundamentalist considers to be a messenger - that's actually irrelevant to the contradiction.”

“প্রচারকরা ব্যাখ্যায় বলেন, এখানে নীকদীমের সাথে যীশুর বক্তব্যের প্রসঙ্গটা বিবেচনা করা জরুরি। এখানে যীশু নীকদীম ও অন্যান্য ইহুদিদের সাথে তাঁর পার্থক্য বর্ণনা করছেন। তিনি জানাচ্ছেন যে, একমাত্র তাঁরই স্বর্গরাজ্য বিষয়ে প্রত্যক্ষ জ্ঞান আছে এবং তিনিই একমাত্র ব্যক্তি যিনি স্বর্গ থেকে বার্তা নিয়ে পৃথিবীতে নেমে এসেছেন। ... যদি মৌলবাদীদের যুক্তি সঠিক হয় তবে যীশু কখনোই স্বর্গে উঠতে পারেননি। কারণ যোহন ৩/১৩ সুস্পষ্টতই বলছে ‘একজন’-ই স্বর্গে উঠেছেন, ‘দু’জন’ নয়। কাজেই এ স্বর্গারোহণকারী হয় এলিয় হবেন অথবা যীশু হবেন। আপনি আপনার পছন্দ বেছে নিন। আপনার পছন্দ যা-ই হোক না কেন, এখানে আরেকটা সমস্যা অমীমাংসিতই রয়ে গেল। মৌলবাদীরা দাবি করছেন যে, এখানে যীশুর স্বর্গ থেকে বার্তা নিয়ে আসার কথা বলা হয়েছে। কিন্তু পবিত্র পুস্তকের বক্তব্যে এমন কোনো নির্দেশনাই নেই। স্বর্গ থেকে বার্তা নিয়ে আসার বিষয়টা এ বৈপরীত্যের ক্ষেত্রে অপ্রাসঙ্গিক বিষয়।”[3]

## ফুটনোট

[1] http://www.bidstrup.com/bible2.htm

[2] Did Jesus Christ Lie? http://www.thegodmurders.com/id188.html

[3] http://www.bidstrup.com/bible2.htm

Source — https://www.hadithbd.com/books/link/?id=14184

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন